

দুই বছরের মধ্যে রোলেবল স্মার্টফোন আনবে স্যামসাং

- A Monitor Desk Report

Date: 26 August, 2023



স্মার্টফোন প্রযুক্তিতে প্রতিদিনই নতুন আপডেট যুক্ত হচ্ছে। একে অন্যকে পাল্লা দিয়ে স্মার্টফোনের হার্ডওয়্যার-সফটওয়্যারে নিত্যনতুন প্রযুক্তি ব্যবহার করছে কোম্পানিগুলো।

ফোনের ডিসপ্লে সেকশন নিয়ে রয়েছে নির্মাতা প্রতিষ্ঠানগুলোর বাড়তি আগ্রহ। এ পরিপ্রেক্ষিতে এবার রোলেবল ডিসপ্লে স্মার্টফোন বাজারজাতের কথা ভাবছে স্যামসাং।

নতুন এ ডিসপ্লে স্মার্টফোনের নকশা ও ফাংশনে বৈপ্লবিক পরিবর্তন আনতে যাচ্ছে বলে মনে করছেন প্রযুক্তিবিদগণ। ২০২৫ সালের দিকে কোম্পানিটি এ মডেলের বড় উৎপাদনে যাবে বলে জানিয়েছে টেক টিপস্টার রেভেগনাস। নতুন সেলফোনগুলোয় উন্নত আন্ডার প্যানেল ক্যামেরা প্রযুক্তি ও কাটিং-এজ বেজেল-লেস ডিজাইন থাকবে।

স্যামসাংয়ের নতুন এ উদ্ভাবন তাদের আগের স্ক্রিন প্রযুক্তির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে বলে সূত্রে জানা গেছে। এর আগে ২০২২ সালে কে-ডিসপ্লে ইভেন্টে রোলেবল ডিসপ্লে, ফোল্ডেবল ট্যাবলেটের প্রোটোটাইপ মডেল এবং ফ্লেক্স জি ও ফ্লেক্স এসের মতো মডেলগুলো উপস্থাপন করে।

কোম্পানিটির ট্র্যাক রেকর্ড অনুসারে, রোলেবল স্ক্রিন স্মার্টফোনের যুগে স্যামসাংয়ের প্রবেশ অপ্ৰত্যাশিত কিছু নয়। চলতি বছরেই ফ্লেক্সিবল ডিসপ্লেতে স্যামসাংয়ের আরেকটি প্রমাণ দেখা গেছে। যুক্তরাষ্ট্রে এসআইডি সপ্তাহে তারা একটি ১২ দশমিক ৪ ইঞ্চির ফ্লেক্সিবল রোলেবল ওএলইডি প্যানেল দেখায়। প্যানেলটি ৪৯ মিলিমিটার থেকে ২৫৪ দশমিক ৪ মিলিমিটার পর্যন্ত প্রসারিত এবং পাঁচ গুণ ভাঁজ করা যায়।

আরও পড়ুন: [ওয়ালটনের 'ম্যানন এক্স২০' নতুন স্মার্টফোন এখন বাজারে](#)

আগের একটি প্রতিবেদন অনুসারে, ২০২৬ সালের মধ্যে একটি ফোল্ডেবল ম্যাকবুক আনার জন্য কাজ করছে অ্যাপল। এ ধরনের উচ্চাভিলাষী ডিজাইনের লক্ষ্যপূরণে ডিসপ্লে প্রযুক্তিতে আরো অগ্রগতি প্রয়োজন। আশার কথা, স্যামসাং ও এলজি উভয় ডিসপ্লেই থিন ফিল্ম

এনক্যাপসুলেশন (টিএফই) এবং আন্ডার প্যানেল ক্যামেরা (ইউপিসি) প্রযুক্তি নিয়ে কাজ করছে।

-B